দৈনিক ইত্তেফাক

তারিখ 03 DEC 1993
পৃষ্ঠা ৬ কলাম ৫

# প্রত্যেকটি শিশুর স্কুলে ভর্তি নিশ্চিত করিতে হইবে

.................................... প্রেসিডেন্ট

বাসস ॥ প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস আগামী জানুয়ারীতে প্রত্যেকটি স্কুলগামী বয়সের শিশুর স্কুলে ভর্তি নিশ্চিত এবং দেশ হইতে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে ভর্তি হওয়া শিশুদের বিশেষ করিয়া পল্লী এলাকার শিশুদের স্কুল ত্যাগ রোধ করার জন্য জনগণের প্রতি আহ্বান জানাইয়াছেন। প্রেসিডেন্ট বিশ্বাস গত বুধবার পটুয়াখালী জেলার

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## প্রেসিডেন্ট

(৩য় পৃঃ পর)

দশমিনা থানা ছাত্র কল্যাণ সমিতির ২৯-সদস্যের একটি প্রতিনিধি দলের সহিত আলোচনাকালে বলেন, বর্তমান সরকার দেশে শিক্ষিতের হার বৃদ্ধির প্রচেষ্টা চালাইতেছে।

প্রেসিডেন্ট বিশ্বাস প্রতিনিধি দলের সদস্যদের বলেন, তাহারা যেন জনগণকে পরিবার ছোট রাখার জন্য উদ্বুদ্ধ করেন। কারণ জনসংখ্যা বিস্ফোরণ দেশের আর্থ-সামাজিক অগ্রগতিকে বাধাগ্রস্ত করিতেছে।

সমিতির সভাপতি ফখরুজ্জামান বাদল প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মোঃ মজিবুর রহমান হাওলাদার, নওশাদ মোহাম্মদ অনু, হাবিবুর রহমান, এডভোকেট শাহজাহান এমপি, কামরুল ইসলাম বাদল, বেলায়েত হোসেন এবং এম এ তাহের।